

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৬ (কারিগরি-২)
www.moedu.gov.bd

নং-শিম/শাঃ১৬/অনুমতি-স্বীকৃতি(পলিঃ)৬-৯/২০১৩/১৭৩

তারিখ : ১৩ অগ্রহায়ণ, ১৪২০ বঙ্গাব্দ
২৭ নভেম্বর, ২০১৩ খ্রিঃ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : স্মারক নং- (ক) বাকাশিবো/ক/ডিপ্লোমা/২০১৩/৩৯৬১, তারিখ : ১৩/০৬/২০১৩।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোটার শর্ত শিথিলপূর্বক নিম্নোক্ত প্রতিষ্ঠানটিতে নিম্ন বর্ণিত শর্তে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান করা হলো :

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	অনুমতির ধরণ
১.	লাকসাম মডার্ন পলিটেকনিক ইন্সটিটিউট লাকসাম, কুমিল্লা।	প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি

শর্তসমূহ :

- ক) শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/১১/২০১১ তারিখের শিম/শাঃ ১৩/এমপিও-১২/২০০৯(অংশ)/৩৯৬ নং প্রজ্ঞাপন মোতাবেক প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রাপ্তির বিপরীতে নিযুক্ত শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। তাদের বেতন-ভাতা সরকার বহন করবে না।
 - খ) “অনুমতি পাওয়ার পর প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে এবং “এমপিও দাবী করা হবে না” মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মুচলেকা কারিগরি শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে।
 - গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নীতিমালার আলোকে সকল শর্তাদি পূরণ করে কিনা বিশেষ করে ভূমি, ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি, ল্যাব সুবিধা যাচাই সাপেক্ষে কারিগরি শিক্ষা বোর্ড প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান করবে। উল্লেখ্য, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট নীতিমালার ৪.৭ ধারা শর্ত অবশ্যই পূরণ করতে হবে। অর্থাৎ নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠানের নামে নিজস্ব জমি থাকতে হবে এবং ভাড়াবাড়িতে কোন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি দেয়া যাবে না। নীতিমালায় বর্ণিত শর্তাদির কোন ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সার্বিকভাবে কারিগরি শিক্ষা বোর্ডের উপর বর্তাবে।
 - ঘ) স্থাপনের অনুমতি প্রাপ্তির পর পাঠদানের অনুমতি প্রদানের পূর্বে মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে।
- ২। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।


মোঃ তাজুল ইসলাম
উপ-সচিব
ফোনঃ ৯৫ ৬৪ ৫৫২


(অপর পাতায়)

নং-শিম/শাঃ১৬/অনুমতি-স্বীকৃতি(পলিঃ)৬-৯/২০১৩/১৭৩

তারিখ : ১৩ অগ্রহায়ণ, ১৪২০ বঙ্গাব্দ
২৭ নভেম্বর, ২০১৩ খ্রিঃ

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে) :-

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অধ্যক্ষ, -----।


মোঃ তাজুল ইসলাম
উপ-সচিব